*নির্বাচন অগ্রাধিকার*
*<u>অতীব জরুরী</u>*

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০১৪.২০১৫ (অংশ-১)-০৪

তারিখ: ১৭ পৌষ ১৪৩২ / ০১ জানুয়ারি ২০২৬

**বিষয়: <u>আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট ২০২৬ উপলক্ষে জনসচেতনতামূলক লিফলেট প্রচার।</u>**

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট ২০২৬ উপলক্ষে প্রধান উপদেষ্টার কার্যালয় হতে প্রাপ্ত জনসচেতনতামূলক লিফলেটটি পর্যাপ্ত পরিমাণে মুদ্রণপূর্বক তৃণমূল (Grass-root) পর্যায়ে অর্থাৎ জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এছাড়া, জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট ২০২৬ উপলক্ষে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের কর্মসূচি অনুযায়ী যাবতীয় প্রচার-প্রচারণা কাজে প্রয়োজনীয় সহযোগিতা অব্যাহত রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। এ সংক্রান্ত যাবতীয় ব্যয় বিধি অনুযায়ী স্ব-স্ব দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক নির্বাহ করতে হবে।

সংযুক্তি: বর্ণনামতে ০১ (এক) পাতা।

০১.০১.২০২৬


মো: শফিকুর আলম
উপসচিব
ফোন: ০২-৫৫১০১১৮১
E-mail: lgadmin1@lgd.gov.bd

**<u>বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>**

১. প্রশাসক/প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল);
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল);
৩. প্রশাসক, উপজেলা পরিষদ (সকল), ....................উপজেলা,.......................জেলা;
৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ....................উপজেলা,.......................জেলা;
৫. প্রশাসক/প্রধান নির্বাহী কর্মকর্তা, পৌরসভা (সকল);
৬. প্রশাসক/চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), ................ইউনিয়ন,...................উপজেলা,.......................জেলা।

**<u>অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>**

১. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়/সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা;
২. অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (পমূপ), স্থানীয় সরকার বিভাগ;
৩. যুগ্মসচিব/পরিচালক (সকল), স্থানীয় সরকার বিভাগ;
৪. জেলা প্রশাসক (সকল), .................................জেলা;
৫. উপপরিচালক, স্থানীয় সরকার, ....................জেলা;
৬. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়;
৭. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৮. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ;
৯. অফিস কপি।



# গণভোট ২০২৬
# সংসদ নির্বাচন
# দেশের চাবি আপনার হাতে

আপনি কি এমন বাংলাদেশ চান, যেখানে—

- তত্ত্বাবধায়ক সরকার, নির্বাচন কমিশন ও সরকারি কর্ম কমিশন (পিএসসি) গঠনে সরকারি দল ও বিরোধী দল একত্রে কাজ করবে।
- সরকারি দল ইচ্ছেমতো সংবিধান সংশোধন করতে পারবে না।
- সংবিধানের গুরুত্বপূর্ণ পরিবর্তনের ক্ষেত্রে গণভোটের বিধান চালু হবে।
- বিরোধী দল থেকে ডেপুটি স্পিকার এবং গুরুত্বপূর্ণ সংসদীয় কমিটিসমূহের সভাপতি নির্বাচিত হবেন।
- যত মেয়াদই হোক, কেউ সর্বোচ্চ ১০ বছরের বেশি প্রধানমন্ত্রী থাকতে পারবেন না।
- সংসদে নারীর প্রতিনিধিত্ব পর্যায়ক্রমে বাড়বে।
- ক্ষমতার ভারসাম্য প্রতিষ্ঠার জন্য পার্লামেন্টে একটি উচ্চকক্ষ গঠিত হবে।
- দেশের বিচারব্যবস্থা স্বাধীনভাবে কাজ করবে।
- আপনার মৌলিক অধিকারের সংখ্যা (যেমন: ইন্টারনেট সেবা কখনও বন্ধ করা যাবে না) বাড়বে।
- দণ্ডপ্রাপ্ত অপরাধীকে রাষ্ট্রপতি ইচ্ছেমতো ক্ষমা করতে পারবেন না।
- রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর ক্ষমতার মধ্যে ভারসাম্য থাকবে।

**আরও বিস্তারিত জানতে ভিজিট করুন:**
**www.gonovote.gov.bd এবং www.gonovote.bd**

**" হ্যাঁ" ভোট দিলে উপরের সবকিছু পাবেন। "না " ভোট দিলে কিছুই পাবেন না।**

মনে রাখবেন, পরিবর্তনের চাবি এবার আপনারই হাতে।

প্রচারে: গণভোট বিষয়ে জনসচেতনতামূলক প্রচার কার্যক্রম, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।